আজকের কাগজ
তারিখ 27 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ৩

# 'ট্যাগ' এর সিম্পোজিয়াম সকল শিক্ষা প্রতিষ্ঠানকে এক পদ্ধতিতে চলতে হবে

কাগজ প্রতিবেদক ঃ গতকাল সকালে জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে 'ট্যাগ' আয়োজিত এক সিম্পোজিয়ামে বক্তারা দেশের আবহমান সংস্কৃতি, জীবন ও ইতিহাস সংশ্লিষ্ট একটি সমন্বিত শিক্ষা ব্যবস্থা চালুর দাবি জানিয়েছেন। তারা বলেছেন, ইংরেজি, বাংলা, আরবি, সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠানকেই চলতে হবে একই পদ্ধতির আওতায়।

'ট্যাগ' আয়োজিত 'বাংলাদেশকে জানতে ইংরেজি মাধ্যম স্কুলগুলোর ভূমিকা' শীর্ষক এ সিম্পোজিয়াম অনুষ্ঠিত হয় ডেইলী স্টার সম্পাদক মাহফুজ আনামের সভাপতিত্বে। এতে প্রধান অতিথি ছিলেন-প্রফেসর ইন্নাম আলী। বক্তব্য রাখেন আলী যাকের, সিতারা আহমেদ, এফ আর আল সিদ্দিকী প্রমুখ।

বক্তারা বলেন, ইংরেজি মাধ্যমের স্কুলগুলোতে বাংলাদেশের সংস্কৃতি, ইতিহাস ঐতিহ্য প্রতিফলিত হয় না। তবে একথাও সত্য যে, দেশের মাধ্যমের শিক্ষা প্রতিষ্ঠানেই এগুলো সঠিকভাবে জানানো হচ্ছে না। অথচ শিক্ষিত হয়ে গেলে প্রথমেই আমাদের নিজেদের সংস্কৃতি, ইতিহাস, রাজনীতি বিষয়ে জানতে হবে। তারা বলেন, আমরা বাংলা ইংরেজি অথবা অন্য যেকোনো ভাষার মাধ্যমেই শিক্ষা গ্রহণ করবো তবে এ শিক্ষার প্রথম লক্ষ্য হবে নিজের দেশ সংস্কৃতি ইতিহাস ঐতিহ্য জানা এবং এটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়।

নির্ধারিত বক্তাদের বক্তব্য শেষে উপস্থিত সুধীরা অংশগ্রহণে মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।